যুগান্তর

তারিখ: 06 DEC 2015
পৃষ্ঠা ১৬ কলাম ২

# বাংলাদেশী শিক্ষার্থী চায় ভারতের আইআইএমএ

কূটনৈতিক রিপোর্টার

ভারতের আহমেদাবাদের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (আইআইএমএ) দুই বছর মেয়াদি স্নাতকোত্তর কোর্সে বাংলাদেশ থেকে শিক্ষার্থী পেতে চায়। প্রতিষ্ঠানটির পক্ষ থেকে শনিবার ঢাকার গুলশানে ইন্দিরা গান্ধী কালচারাল সেন্টারে এ ব্যাপারে একটি উপস্থাপনা দেয়া হয়েছে। সেখানে বেশ কিছু শিক্ষার্থী উপস্থিত ছিলেন। আইআইএমএ ভারতের বিখ্যাত বিজনেস স্কুল, যার অ্যালামনাই গোটা বিশ্বেই ছড়িয়ে আছে। প্রতিষ্ঠানটির পক্ষ থেকে উজ্জ্বল দে তার উপস্থাপনায় বলেন, আইআইএম বিশ্বমানের ব্যবস্থাপনা শিক্ষা দিয়ে থাকে। গোটা বিশ্বে এ প্রতিষ্ঠানের ৩০ হাজারের বেশি অ্যালামোনাই বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত আছেন। এসবের মধ্যে উল্লেখযোগ্য প্রতিষ্ঠান হল— বিসিজি, এইচএসবিসি, রিলায়েন্স, স্যামসং, গোল্ডম্যান স্যাচ, মাইক্রোসফট প্রভৃতি। এসব প্রতিষ্ঠান আইআইএমএ থেকে লোক নিয়োগ দেয়। অনুষ্ঠানে বহুজাতিক প্রতিষ্ঠান মাস্টার কার্ডের প্রেসিডেন্ট ও সিইও অজয় বাঙ্গা এক ভিডিও বার্তায় বলেন, আইআইএমতে খুব সহজ করে শিক্ষা দেয়া হয়ে থাকে।

অনুষ্ঠানে জানানো হয়, দুই বছর মেয়াদি স্নাতকোত্তর কোর্সে কোর্স ফি ৫০ হাজার ডলার। আইআইএমএ থেকে আসা অধ্যাপক অজয় পান্ডে বলেন, অনেক কূটনীতিক, পুলিশ অফিসার থেকে শুরু করে বিভিন্ন ক্ষেত্রে প্রতিষ্ঠিত ব্যক্তিরা আইআইএমএ থেকে শিক্ষা নিয়েছেন। চেতন ভগত, হর্ষ ভোগদের মতো সেলিব্রেটিরাও এই প্রতিষ্ঠানের অ্যালামনাই। আইআইএমএ অ্যালমনাই স্নেহাল ডি সঙ্গি বর্তমানে বাংলাদেশে অক্সফামের কান্ট্রি ডিরেক্টর। ওই অনুষ্ঠানে তিনি উপস্থিত ছিলেন। তিনি বলেন, বাংলাদেশের জাতীয় সংসদের নকশাকারী লুই আই কান আহমেদাবাদে আইআইএমএ ক্যাম্পাসেরও নকশা করেছেন। ক্যাম্পাসের পরিবেশ চমৎকার। ঢাকায় ভারতীয় হাইকমিশনের প্রথম সচিব জিষ্ণু প্রসন্ন মুখার্জি বলেন, বাংলাদেশের বড় বড় কোম্পানির কর্ণধাররা আইআইএমএ থেকে পাস করা শিক্ষার্থী নিয়োগ দিতে আগ্রহী।